তারিখ 22 MAR 2016
পৃষ্ঠা ১৩ কলাম 2

দৈনিক
ইত্তেফাক

# নাগেশ্বরীতে স্টুডেন্ট কেবিনেট নির্বাচন

■নাগেশ্বরী (কুড়িগ্রাম) সংবাদদাতা

নাগেশ্বরীতে স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। সোমবার সকাল ৯ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত ১২ বিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে ভোট গ্রহণ চলে। সরেজমিনে দেখা গেছে, সুখাতী বহুমুখী উচ্চ বিদ্যা নিকেতনে উৎসবমুখর পরিবেশে ভোটগ্রহণ চলছে। এতে ৬ষ্ঠ-১০ম শ্রেণির মোট ২৩৫ ভোটার তাদের নেতা নির্বাচনে ভোট প্রদান ও ৭ পদে ১৪ প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করে। বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত প্রিজাইডিং অফিসার, পোলিং অফিসাররা ভোটগ্রগণ ও সাবেক শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত পর্যবেক্ষক দল নির্বাচন পর্যবেক্ষণ করে। প্রধান শিক্ষক আব্দুল হাকিম বলেন, এ নির্বাচনের মধ্য দিয়ে শিক্ষার্থীদের মধ্যে গণতান্ত্রিক চেতনাবোধ জাগ্রত হবে ও তারা ভবিষ্যতে সৎ জাতি গঠনে অন্যতম ভূমিকা রাখবে।

মাধ্যমিক শিক্ষা অফিসার জহুরুল হক বলেন উপজেলার ১০৮ বিদ্যালয় ও মাদ্রাসায় একযোগে স্টুডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও ৯৬টি শিক্ষা প্রতিষ্ঠান সিলেকশন প্রক্রিয়ায় তা সম্পন্ন করে। শুধুমাত্র সুখাতী, কেরামতিয়া, নেওয়াশী, কচাকাটাসহ ১২ শিক্ষাপ্রতিষ্ঠানে সোমবার স্টুডেন্ট কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।